

আল-আ'লা | Al-A'la | الْأَعْلَى

আয়াতঃ ৮৭ : ১৪

আরবি মূল আয়াত:

قَدْ أَفْلَحَ مَنْ تَزَكَّى ﴿١٤﴾

অনুবাদসমূহ:

অবশ্যই সাফল্য লাভ করবে যে আত্মশুদ্ধি করবে, — আল-বায়ান

সাফল্য লাভ করবে সে যে নিজেকে পরিশুদ্ধ করে, — তাইসিরুল

নিশ্চয়ই সে সাফল্য লাভ করবে যে পবিত্রতা অর্জন করে। — মুজিবুর রহমান

He has certainly succeeded who purifies himself — Sahih International

১৪. অবশ্যই সাফল্য লাভ করবে যে পরিশুদ্ধ হয়।(১)

(১) এখানে পরিশুদ্ধ বা পবিত্রতার অর্থ কুফর ও শিরক ত্যাগ করে ঈমান আনা, অসৎ আচার-আচরণ ত্যাগ করে সদাচার অবলম্বন করা এবং অসৎকাজ ত্যাগ করে সৎকাজ করা। আর রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের কাছে যা নাযিল হয়েছে তার অনুসরণ করা। আয়াতের আরেক অর্থ, ধনসম্পদের যাকাত প্রদান করা। তবে যাকাতকেও এ কারণে যাকাত বলা হয় যে, তা ধন-সম্পদকে পরিশুদ্ধ করে। এখানে تَزَكَّى শব্দের অর্থ ব্যাপক হতে পারে। ফলে ঈমানগত ও চরিত্রগত পরিশুদ্ধি এবং আর্থিক যাকাত প্রদান সবই এই আয়াতের অন্তর্ভুক্ত বলে বিবেচিত হবে। [দেখুন: ফাতহুল কাদীর]

তাফসীরে জাকারিয়া

১৪। নিশ্চয় সে সাফল্য লাভ করে, যে নিজেকে পরিশুদ্ধ করে।[১]

[১] অর্থাৎ, যে নিজের আত্মাকে নোংরা আচরণ থেকে এবং অন্তরকে শিরক ও পাপাচারের পঙ্কিলতা থেকে পবিত্র করে।

তাফসীরে আহসানুল বায়ান

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=5962>

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন